মুজিবনগরে কীটনাশকের বিষক্রিয়ায় কৃষক কবির উদ্দীন হাসপাতালে

মেহেরপুরের মুজিবনগর উপজেলার পরানপুর গ্রামে কীটনাশকের বিষক্রিয়ায় কবির উদ্দীন (৫০) নামের এক কুষক অসুস্থ্য হয়ে এখন হাসপাতালে চিকিৎসাধীন। কৃষক কবির উদ্দীন মুজিবনগর উপজেলার পরানপুর গ্রামের হারেজ উদ্দীনের ছেলে।

বৃহস্পতিবার দুপুরের দিকে স্থানীয় মাঠের ধানের জমিতে দানা জাতীয় বিষ ছিটাতে গিয়ে বিষক্রিয়ায় আক্রান্ত হন তিনি।

খবির উদ্দীন জানান, বৃহস্পতিবার দুপুরের দিকে ধানক্ষেতের ক্ষতিকর পোকা দমেনের জন্য কীটনাশক স্প্রে করতে যান তিনি।

বিষ ছিটানো শেষে মাটি ও পানি দিয়েই হাত পরিস্কার করে দুপুরের খাওয়া দাওয়া করেন। কিছুক্ষণ পরেই বিষক্রিয়ায় অসুস্থ্য বোধ করলে তাকে উদ্ধার করে প্রথমে মুজিবনগর ও পরে সেখান থেকে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাক্তার মোখলেছুর রহমান জানান, বর্তমানে তার অবস্থা শংকামুক্ত। ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

মেহেরপুরে হেরোইনসহ এক যুবক আটক

মেহেরপুর সদর উপজেলার সীমান্তবর্তি হরিরামপুর গ্রামে অভিযান চালিয়ে ৩ গ্রাম হেরোইনসহ হিমেল ইসলাম (২২) নামের এক যুবককে আটক করেছে সদর থানা পুলিশ।

হিমেল ইসলাম হরিরামপুর গ্রামের স্কুলপাড়া এলাকার আব্দুল মজিদের ছেলে।

বুধবার (২২ জুন) দিবাগত মধ্যরাতে সদর থানার উপপরিদর্শক (এসআই) সুমন মিয়ার নেতৃত্বে এএসআই (নি:) মিঠুন কুমার ও সঙ্গীয় ফোর্সসহ পুলিশের একটি দল ওই গোভিপুর গ্রামে গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার কাছ থেকে ৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুলফিকার আলী এ তথ্য নিশ্চিত করেছেন।

হিমেল ইসলামের বিরুদ্ধে মাদ্কদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়ে আজ বৃহস্পতিবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছ।

মেহেরপুরে জনদূর্ভোগ সৃষ্টির দায়ে একজন আটক

পাকা রাস্তার পাশে বালি ও কাঠের লাকড়ী রেখে জন দূর্ভোগ সৃষ্টির অভিযোগে আব্দুল কুদ্দুছ(৫০) নামের এক ব্যাক্তিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার (২৩ জুন) বেলা ১১ টার দিকে সদর থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) নজরুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি দল অভিযান চালিয়ে তাকে আটক করেন। আব্দুল কুদ্দুছ সদর উপজেলার গোভীপুর গ্রামের মৃতু সুন্নত আলীর ছেলে।

সদর থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) নজরুল ইসলাম জানান, মেহেরপুর-কুষ্টিয়া সড়কের মেহেরপুর শহরের সরকারী কলেজ গেটের সামনে পাঁকা রাস্তার পাশে উন্মুক্ত স্থানে বালু ও কাঠের লাকড়ী রেখে দীর্ঘদিন জনগনের দূর্ভোগ সৃষ্টি করে আসছিলেন।আব্দুল কুদ্দুছকে ৩৪ ধারায় আটক দেখিয়ে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ

করা হয়েছে।

গাংনীতে সমবায়ী সদস্যদের দিনব্যাপি ভ্রাম্যমাণ প্রশিক্ষণ

গাংনী উপজেলার সমবায়ী সমিতির সদস্যদের নিয়ে দিনব্যাপি ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে উপজেলার ৬ টি সমবায় সমিতির সদস্যদের নিয়ে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার (২৩ জুন)গাংনী উপজেলা বিআরডিবি হলরুমে সমবায়ীদের অংশগ্রহণে দিনব্যাপী ভ্রাম্যমাণ প্রশি ক্ষণে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু

প্রশিক্ষণে অতিথির বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রাসেল রানা।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সভাপতি আবুল কাশেম, মেহেরপুর জেলা সমবায় অফিসের প্রশিক্ষক নূরুজ্জামান, সহকারী প্রশিক্ষক রোকনুজ্জামান তুষার।

দিনব্যাপি ভ্রাম্যমাণ প্রশিক্ষণে গাংনী উপজেলার বিভিন্ন এলাকার ৬ টি সমবায় সমিতির পঁচিশ জন সদস্য অংশগ্রহণ করেন

মেহেরপুরে আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে যুবলীগের খাবার বিতরণ

বাংলাদেশ আওয়ামী লীগের ৭৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে যুবলীগ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে দুস্থ ও পথচারীদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে পৌর কমিউনিটি সেন্টারের সামনে মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন খাবার বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক ও সাবেক ছাত্র নেতা শহীদুল ইসলাম পেরেশান, জেলা যুবলীগের অন্যতম সদস্য সাবেক ছাত্রনেতা সাজাদুর রহমান সাজু, ইয়ানুস আলী, মহাবুব হাসান ডালিম, সাইদুর রহমান উজ্জল, শারাফ উদ্দিন রিপন সহ উপস্থিত ছিলেন জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মাসুদ রানা সহ জেলা যুবলীগ এবং ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মী।

মেহেরপুরে আওয়ামী লীগের ৭৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

নানা আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।
৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী সকাল ১০ টার দিকে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।
বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনের সামনে জাতীয় সংগীতের মাধ্যমে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন নেতৃবৃন্দ। পরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে

পুষ্পমাল্য অর্পণ করা হয়।
মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক এমএ খালেক, সহ-সভাপতি এডভোকেট মিয়াজান আলী, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, আবদুল মান্নান, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন উপস্থিত থেকে পতাকা উত্তোলন এবং পুষ্পমাল্য অর্পণ করেন। পরে সেখানে মেহেরপুর পৌর আওয়ামী লীগ, জেলা যুব মহিলা লীগ, ছাত্রলীগের পক্ষ থেকে পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করা হয়।
এসময় অন্যদের মধ্যে মেহেরপুর পাবলিক প্রসিকিউটর (পিপি) পল্লব ভট্টাচার্য, আওয়ামী লীগ নেতা অ্যাডভোকেট খন্দকার আবদুল মতিন, মহিলা আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য শামীম আরা হীরা, সদর উপজেলা আওয়াামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান মোমিনুল ইসলাম, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, নবগঠিত শ্যামপুর ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান ও জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহ্বায়ক মতিউর রহমান মতি, নবনির্বাচিত পৌর কাউন্সিলর রোকসানা কামাল, জেলা যুব মহিলা লীগের সভানেত্রী সামিউন বাসিরা পলি প্রমুখ।

মেহেরপুরে সি সি ক্যামেরা ও মনিটরিং সিস্টেমের উদ্বোধন

মেহেরপুর শহরের ট্রাফিক যানজট, সামাজিক নিরাপত্তা, ব্যক্তিগত ও বাণিজ্যিক বিনিয়োগ আরো সুদৃঢ় করতে জেলা প্রশাসনের উদ্যোগে সি সি ক্যামেরা ও মনিটরিং সিস্টেমের উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সি সি ক্যামেরা ও মনিটরিং সিস্টেমের উদ্বোধন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের

সভাপতিত্বে, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ভার্চুয়ালি উপস্থিত থেকে সিসি ক্যামেরা ও মনিটরিং সিস্টেমের উদ্বোধন ঘোষণা করেন।

ভার্চুয়ালি আরো উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম শাহীন, মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, গাংনী পৌর মেয়র আহাম্মেদ আলী প্রমুখ।

এসময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, পি পি পল্লব ভট্টাচার্য, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম, পিপি পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের বারাদিতে বর্গা জমির ধান চাওয়ায় নারীকে পিটিয়ে আহত

বর্গা জমির ধান চাওয়ায় সামেনা খাতুন (৫০) নামের এক নারীকে বাঁশ দিয়ে পিটিয়ে আহত করেছেন প্রতিপক্ষরা। সামেনা খাতুন মেহেরপুর সদর উপজেলার বারাদী গ্রামের পশ্চিমাপাড়া এলাকার মহিবুর রহমানের স্ত্রী।

আজ বৃহস্পতিবার (২৩ জুন) সকালের দিকে মারপিটের এ ঘটনা ঘটে। আহত সামেনা খাতুন বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

সামেনা খাতুনের ছেলে কৃষক শাজাহান আলী জানান, একই গ্রামের আযাদ

আলীর কাছ থেকে আমরা ১ বিঘা জমি এক লাখ টাকা দিয়ে বন্ধক নিই। জমির মালিক আযাদের কাছেই সেই জমি রেখে দিই। প্রতি ধানের মৌসুমে ১২ মন করে ধান দেওয়ার কথা। এই মৌসুমে সেই বন্ধকি জমির ১২ মন ধান নেওয়ার জন্য সকালে আমার মা আযাদ আলীর বাড়িতে গেলে তারা ধানা দেবেনা বলে জানায়। এক পর্যায়ে অশ্রাব্য ভাষায় গালাগাল করে। এ নিয়ে তাদের সাথে বাকবিতন্ডার এক পর্যায়ে আযাদ আলীর ভাগ্নে জামায় একই গ্রামের আব্দুস সাত্তারের ছেলে ফিরোজ আলী ও তার স্ত্রী বাঁশ দিয়ে পিটিয়ে আহত করেন। এসময় তারা আমার মাকে কিল ঘুঁষিও মারে। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. মোখলেছুর রহমান জানান, সামেনা খাতুন বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন।

এঘটনায় আহতের পরিবারের পক্ষ থেকে মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলে জানান ছেলে শাজাহান আলী।

গাংনীতে আওয়ামীলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে বাংলাদেশ আওয়ামীলীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা আওয়ামীলীগ অডিটোরিয়াম হল রুমে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে।

বাংলাদেশ আওয়ামীলীগের ৭৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের সাংসদ ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেসুর রহমান মুকুলের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন এমপি পত্নী লাইলা আরজুমান

বানু শিলা,আওয়ামীলীগ নেতা মনিরজ্জামান আতু,সাবেক ছাত্রলীগ নেতা সাইফুজ্জামান শিপু,ধানখোলা ইউনিয়ন স্বেচ্ছা সেবক লীগের সভাপতি আবুল বাসার,মহিলা লীগ নেতৃ জাকিয়া সুলতানা প্রমুখ।

অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন এলাকা থেকে আওয়ামীলীগের নেতাকর্মী,ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। মোনাজাত পরিচালনা করেন সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

মুজিবনগরে আওয়ামীলীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মেহেরপুরের মুজিবনগরে বাংলাদেশ আওয়ামীলীগের ৭৩তম প্রতিষ্ঠা বার্ষিকী বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে পালন করা হয়েছে।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বৃহস্পতিবার সকাল ৯টায় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের ব্যানারে উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা এর নেতৃত্বে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেট হতে একটি র্যালি বের হয়ে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতির পাদদেশে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক প্রফেসর আজাদুর রহমান আজাদ, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, সাধারণ সম্পাদক মইনুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু, যুব নেতা হাসানুজ্জামান লালটু, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ইউনিয়ন পরিষদের সদস্য বাবুল মল্লিক, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা

খাতুন, সম্পাদক তহমিনা খাতুন, তাঁতীলীগের আহ্বায়ক আব্দুল খালেক, স্বেচ্ছাসেবক লীগের সহ সভাপতি মতিউর রহমান মতিন সেচ্ছাসেবক লীগ নেতা দোলন, ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব,জেলা ছাত্রলীগের সহ সভাপতি শাহওয়ালিউল্লাহ সোহাগসহ আওয়ামীলীগের অংগসংগঠনের নেতাকর্মীবৃন্দ।

পুষ্পস্তবক অর্পণ শেষে শেখ হাসিনা চত্বরে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। পতাকা উত্তোলন শেষে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তারা বলেন, ১৯৪৯ সালে আওয়ামীলী মুসলিম লীগ দলটি প্রতিষ্ঠা হয়। ১৯৫৪ সালে নির্বাচনে জয়ের পর মুসলিম শব্দটি বাদ দিয়ে আওয়ামীলীগ নাম দেয়া হয়। স্বাধীনতা যুদ্ধে এ দলটির মাধ্যমে আন্দোলনে ঝাপিয়ে পরে মুক্তিকামী বাঙালী জনতা। আগামী জাতীয় সংসদ নির্বাচনে আমাদের দলকে এগিয়ে নেয়ার জন্য আমাদের সকলে একত্রে হয়ে কাজ করে যেতে হবে। জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের দেশকে এগিয়ে নেয়ার জন্য যে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তাকে সহযোগিতার করার জন্য আমরা আওয়ামীলীগের পতাকা তলে কাজ করে যাব। স্বপ্নের পদ্মা সেতু হওয়ার ফলে আমাদের মেহেরপুর সহ সমগ্র দক্ষিণাঅঞ্চল ব্যবসায়িক জোন হিসাবে প্রতিষ্ঠা পাবে বলে আমরা আশা করি।

সর্বশেষে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানসহ সকল শহীদদের “আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।